

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৩৮

২. সালাত অধ্যায় (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬৮. রুকৃতে যা করতে হয়

بَابِ الْعَمَلِ فِي الرُّكُوعِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا إِسْرَائِيلُ حَدَّثَنَا أَبُو يَعْفُورِ الْعَبْدِيُّ حَدَّثَنِي مُصْعَبُ بْنُ سَعْدِ قَالَ كَانَ بَنُو عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودِ إِذَا رَكَعُوا جَعَلُوا أَيْدِيَهُمْ بَيْنَ أَفْخَاذِهِمْ فَصَلَّيْتُ إِلَى جَنْبِ سَعْدِ فَصَنَعْتُهُ فَصَنَرَبَ يَدِي فَلَمَّا انْصَرَفَ قَالَ يَا بُنَيَّ اضْرِبْ بِيَدَيْكَ رُكْبَتَيْكَ ثُمَّ فَعَلْتُهُ مَرَّةً أُخْرَى بَعْدَ ذَلِكَ بِيَوْمٍ فَصَلَيْتُ إِلَى جَنْبِهِ فَضَرَبَ يَدِي فَلَمَّا انْصَرَفَ قَالَ كَانَ نَعْفَلُ هَذَا وَأُمِرْنَا أَنْ نَضْرِبَ بِالْأَكُفِّ عَلَى الرُّكَبِ

বাংলা

১৩৩৮. মুস'আব ইবনু সা'দ বলেন, আব্দুল্লাহ ইবনু মাসউদ যখন রুকু করতেন, তখন তারা হাত দু'টিকে তাদের উভয় উরুর মাঝে রাখতেন। এরপর আমি একবার সা'দ রা: এর পাশে সালাত আদায় করলাম এবং আমিও একাজ (হাত উরুর মাঝে রাখা) করলাম। তখন তিনি আমার হাতে আঘাত করলেন। এরপর তিনি সালাত শেষে বললেন, হে বালক, তুমি তোমার দু'হাত তোমার দু'হাঁটুতে স্থাপন করবে। এরপর আরেকদিন আমি তার পাশে সালাত আদায় করার সময় আবার এ কাজ করলাম। তখন তিনি আমার হাতে আঘাত করলেন। এরপর সালাত শেষে তিনি বললেন, আমরা ঐরকম করতাম (হাঁটুর মাঝে হাত রাখতাম), এরপর আমাদেরকে আদেশ দেয়া হলো যে, আমরা যেন আমাদের হাতের তালু আমাদের হাঁটুর উপর স্থাপন করি।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: বুখারী ৭৯০; মুসলিম ৫৩৫; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৭৯, ৮১২ ও সহীহ ইবন হিব্বান নং ১৮৮২, ১৮৮৩ তে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মুস'আব ইবনু সা'দ (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন